



রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১  
শঠিবাড়ী, রংপুর।

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫

ই-মেইলঃ rangpurpbs1@yahoo.com  
ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২৩. ৩০৫৬

তারিখঃ ২৭ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ  
১২ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পিক-আপ নং রংপুর-ঠ-১১- ০০৬৮ এর টায়ার সরবরাহের জন্য দরপত্র (RFQ) আহবান।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর কর্তৃক নিম্নোক্ত বর্ণনা অনুযায়ী টায়ার সরবরাহের জন্য প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র (RFQ) আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য	
			একক মূল্য	মোট মূল্য
১	ডাবল কেবিন পিক-আপ নং রংপুর-ঠ-১১- ০০৬৮ টায়ারঃ ব্রান্ডঃ DUNLOP সাইজঃ 265/65R17 Typeঃ Tube Less Made by Japan	০৫টি		
			মোট টাকা	

টাকা (কথায়)ঃ

শর্তাবলীঃ

- ০১। অগ্রহী দরদাতাগণ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখ পূর্বক খামের উপর টায়ার সরবরাহের দরপত্র লিখে আগামী ১৮/১০/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার দুপুর ১১.৩০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় (১) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন। প্রাপ্ত দরপত্র সমূহ ১৮/১০/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকা সময় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন আর্টিফিকেট, আয়কর ও ব্যাংক সলভেন্সী সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- ০৩। দরপত্রের খামের উপর "টায়ার সরবরাহের দরপত্র" কথাটি লিখতে হবে।
- ০৪। সমিতি কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গ্রহণযোগ্য হলে কার্যাদেশ প্রদানের নির্দিষ্ট তারিখের মধ্যে মালামাল নিজস্ব খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌছাতে হবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য উদ্ধৃত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে অর্থ বিল হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৫। সরবরাহকারীকে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক সরাসরি মালামালের মূল্য পরিশোধ করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৬। দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষাঘষি এবং ফুইড ব্যবহার করা যাবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৭। সরকারী বিধি মোতাবেক কার্যাদেশে প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
- ০৮। দরপত্র সম্পর্কে কাহারো কোন জিজ্ঞাস্য থাকিলে/ব্যাক্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে সমিতির প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করতে পারবেন।
- ০৯। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।

০৩। পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস-১/২/৩/৪।

০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, রংপুর।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, রংপুর/গাইবান্ধা।

০৭। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), রংপুর পবিস-১, রংপুর। (ই-মেইল ও ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশ সহ)

০৮। অফিস/মাষ্টার কপি।

(প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন)  
সিনিয়র জেনারেল ম্যানেজার